ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২২৪৫
খোয়াই,৮ আগস্ট,২০২৫

## হর ঘর তিরঙ্গা : তুলাশিখর ব্লকে বর্ণাঢ্য তিরঙ্গা কার ও বাইক র‍্যালি

আজ হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে তুলাশিখর আর.ডি. ব্লকের উদ্যোগে একটি বর্ণাঢ্য তিরঙ্গা কার ও বাইক র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিটি তুলাশিখর ব্লক কার্যালয় প্রাঙ্গণ থেকে শুরু করে এলাকার বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় ব্লক কার্যালয়ে এসে শেষ হয়। উক্ত র‍্যালিতে উপস্থিত ছিলেন তুলাশিখর ব্লকের বিডিও স্বদেশ দেববর্মা, ব্লক কার্যালয়ের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক এবং এলাকার সাধারণ জনগণ। এছাড়াও আজ তুলাশিখর ব্লকের অন্তর্গত তুইচিংরামবাড়ি এবং পূর্ব বাচাইবাড়ি এডিসি ভিলেজের উদ্যোগেও তিরঙ্গা র‍্যালির আয়োজন করা হয়। উক্ত র‍্যালিতে অংশগ্রহণ করেন সংশ্লিষ্ট এডিসি ভিলেজ কার্যালয়ের পঞ্চায়েত এগজিকিউটিভ অফিসার, সেক্রেটারি, জি.আর.এস., আর.পি.এম., আশাকর্মী, বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী সহ এলাকার সাধারণ জনগণ। র‍্যালিগুলি সংশ্লিষ্ট গ্রামগুলির বিভিন্ন রাস্তা পরিক্রমা করে শেষে ভিলেজ অফিস প্রাঙ্গণে এসে শেষ হয়। এছাড়া আজ তুলাশিখর রাজনগর উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের উদ্যোগেও হর ঘর তিরঙ্গা কর্মসূচির অংশ হিসেবে একটি বিশেষ তিরঙ্গা র‍্যালির আয়োজন করা হয়। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হরিপদ দাসের নেতৃত্বে এই র‍্যালিতে অংশ নেন বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও ছাত্রছাত্রীরা। র‍্যালিটি বিদ্যালয় প্রাঙ্গণ থেকে শুরু হয়ে তুলাশিখর বাজার এলাকা পরিক্রমা করে বিদ্যালয়ে এসে শেষ হয়। র‍্যালি শেষে বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা তুলাশিখর বাজার এলাকার একটি টি.এস.আর. ক্যাম্পে গিয়ে উপস্থিত জওয়ানদের তিরঙ্গা রাখি পরিয়ে দেন এবং চেইন ফ্ল্যাগ বিতরণ করেন। এছাড়াও এই কর্মসূচির অংশ হিসেবে বিদ্যালয়ে চেইন ফ্ল্যাগ সাজসজ্জা, রঙ্গোলি অঙ্কন, তিরঙ্গা পতাকা নির্মাণ, ত্রিবর্ণ আঁকিবুঁকি প্রতিযোগিতা, ওয়াল হ্যাঙ্গিং নির্মাণ এবং একটি ত্রিবর্ণ সেলফি পয়েন্ট নির্মাণ করা হয়, যা ছিল ছাত্রছাত্রীদের আকর্ষণের কেন্দ্রবিন্দু।

*****